



বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড

প্রধান কার্যালয়: দুগ্ধ ভবন
১৩৯-১৪০ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা- ১২০৮

স্মারক নং-মিই/প্রশা/ব্যান-১৫৭২/২০০৩/ডিপি-১৫৯/২০২৩/২২২

তারিখ: ০২ আষাঢ় ১৪৩২
১৬ জুন ২০২৫

আদেশ

যেহেতু, জনাব মো. রকিবুল ইসলাম, কর্মচারী নং- ১৫৭২, এমপ্লয়ী গ্রেড-২, (বিপণন বিভাগ), ডিডিপি'তে দধি ও রসমালাই শাখায় কর্মরত থাকা অবস্থায় তার নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষের যথাযথ অনুমোদন ব্যতিত ২৮/১১/২০২২খ্রি. তারিখ হতে দীর্ঘ প্রায় ২১০ (দুইশত দশ) দিন কর্ম হতে তথা কর্মস্থলে অনুপস্থিত ছিলেন;

০২। যেহেতু, তার নিয়ন্ত্রনকারী কর্মকর্তা পত্রের মাধ্যমে জানায় যে, বিনা অনুমতিতে কর্মস্থলে ত্যাগের বিষয়টি তার অভ্যাসে পরিনত হয়েছে। প্রশাসন বিভাগের স্মারক নং-মিই/প্রশা/ব্যান- ১৫৭২/২০০৩/৮৫৮; তারিখ: ২০/০৬/২০২৩খ্রি. এর পত্র মোতাবেক তাকে কারণ দর্শানো হয়। গত ২৪/০৭/২০২৩খ্রি. তারিখে তার দাখিলকৃত কারণ দর্শানোর জবাব পর্যালোচনায় দেখা যায় যে বিগত ২৬/১১/২০২২খ্রি. তারিখে তার নিয়ন্ত্রনকারী কর্মকর্তাকে অবহিত না করেই অফিস ত্যাগ করেন।

০৩। যেহেতু, জনাব মো. রকিবুল ইসলাম, কর্মচারী নং-১৫৭২, এমপ্লয়ী গ্রেড-২, (বিপণন শাখা), ডিডিপি বিগত ২৬/১১/২০২২খ্রি. তারিখ হতে ১৮/০৬/২০২৩খ্রি. পর্যন্ত তার নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষের যথাযথ অনুমোদন ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিতির বিষয়টি মিস্ক ইউনিয়নের চাকুরী বিধি ও নিয়োগ নীতিমালা-২০০৮ (সংশোধিত-২০০৯) এর বিধি ২.০৪ অনুযায়ী অসদাচরনের সামিল হওয়ায় তাকে একই বিধিমালার ৮.০১ এর ১।(খ) এবং (গ) বিধিতে বর্ণিত অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় মামলা (মামলা নং-১৫৯/২০২৩) রুজু করে স্মারক নং-মিই/প্রশা/ব্যান-১৫৭২/২০০৩/ডিপি-১৫৯/২০২৩/১২২; তারিখ: ১৪/১২/২০২৩খ্রি. পত্র মূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়;


০৪। যেহেতু, জনাব মো. রকিবুল ইসলাম, কর্মচারী নং-১৫৭২, এমপ্লয়ী গ্রেড-২, (বিপণন শাখা), ডিডিপি গত ০১/০১/২০২৪খ্রি. তারিখে অভিযোগনামার জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানী'র আগ্রহ প্রকাশ করায় গত ২৯/০৭/২০২৪খ্রি: তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। মামলাটি তদন্তের প্রয়োজনীয়তা অনুভূত হওয়ায় যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক বিধি মোতাবেক জনাব মো. আব্দুল ওয়াহিদ, উপ-ব্যবস্থাপক (কেন্দ্রীয় গুদাম), ডিডিপি-ক তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

০৫। যেহেতু, তদন্ত কর্মকর্তার প্রতিবেদনে জনাব মো. রকিবুল ইসলাম, কর্মচারী নং-১৫৭২, এমপ্লয়ী গ্রেড-২, (বিপণন), ডিডিপি এর বিরুদ্ধে আনীত (২৮/১১/২০২২খ্রি. হতে ১৮/০৬/২০২৩খ্রি. পর্যন্ত নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষের যথাযথ অনুমোদন ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিতির) অভিযোগ সুস্পষ্টভাবে প্রমাণিত;

০৬। যেহেতু, অভিযুক্ত কর্মচারী বিরুদ্ধে আনীত অভিযোগ, দাখিলকৃত কাগজপত্র, লিখিত জবাব, ব্যক্তিগত শুনানির সময় প্রদত্ত বক্তব্য, তথ্য-প্রমাণক ও সংশ্লিষ্ট দলিল-দস্তাবেজ ও তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে আনীত অভিযোগের সত্যতা পাওয়া যায়। দায়িত্ব পালনের ক্ষেত্রে অভিযুক্ত কর্মচারী আন্তরিক নয় মর্মে প্রতীয়মান হয়, কারণ তিনি নিজেই অভিযোগ খন্ডাতে ব্যর্থ হয়েছেন। এহেন কর্মকাণ্ডের জন্য অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে আনীত মিস্ক ইউনিয়নের চাকুরী বিধি ও নিয়োগ নীতিমালা ইউনিয়নের চাকুরী বিধি ও নিয়োগ নীতিমালা-২০০৮ (সংশোধিত-২০০৯) এর বিধি ২.০৪ মোতাবেক "অসদাচরণ" এবং বিধি ২.০৫ মোতাবেক "ডিজারশন" এর অভিযোগটি সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তিনি গুরুদণ্ড পাওয়ার যোগ্য।

পাতা-২

০৭।সেহেতু এক্ষনে, জনাব মো. রকিবুল ইসলাম, কর্মচারী নং-১৫৭২, এমপ্লয়ী গ্রেড-২, (বিপণন শাখা), ডিডিপি-কে মিল্ক ইউনিয়নের চাকুরী বিধি ও নিয়োগ নীতিমালা-২০০৮ (সংশোধিত-২০০৯) এর বিধি ৮.০১ ১।(খ) মোতাবেক “অসদাচরণ” (Misconduct) এবং বিধি ২.০৫ মোতাবেক “ডিজারশন” এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলা নং- ১৫৯/২০২৩ এর দায়ে একই বিধি’র ৮.০২ এর (১) (খ) ২. বিধি মোতাবেক গুরুদণ্ড হিসেবে “চাকুরী হতে বরখাস্ত (Dismissed from Service)” দণ্ডে দণ্ডিত করা হলো। যা ২৮/১১/২০২২খ্রি. তারিখ হতে কার্যকর হবে।



জাহিদুল ইসলাম

যুগ্মসচিব (পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ)

ব্যবস্থাপনা পরিচালক (অ. দা.)

(মিল্ক ইউনিয়ন)।

স্মারক নং-মিই/প্রশা/ব্যান-১৫৭২/২০০৩/ডিপি-১৫৯/২০২৩/২১)১(ন)

তারিখ : ০২ আষাঢ় ১৪৩২
১৬ জুন ২০২৫

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. মহাব্যবস্থাপক (প্রশাসন), মিল্ক ইউনিয়ন (ব্যবস্থাপনা কমিটি’র পরবর্তী সভায় অবহিতকরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
২. মহাব্যবস্থাপক (এসপিপি/বিপণন/টেকনিক্যাল ও অপারেশ-অ:দা:) মিল্ক ইউনিয়ন।
৩. অতিরিক্ত মহাব্যবস্থাপক (সকল) মিল্ক ইউনিয়ন।
৪. উপ-মহাব্যবস্থাপক (সকল) মিল্ক ইউনিয়ন।
৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা (নিরীক্ষা) মিল্ক ইউনিয়ন।
৬. সভাপতি মিল্ক ইউনিয়ন এর ব্যক্তিগত কর্মকর্তা (সভাপতি মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. উপ-ব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন), মিল্ক ইউনিয়ন (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
৮. জনাব মো. রকিবুল ইসলাম, কর্মচারী নং- ১৫৭২, এমপ্লয়ী গ্রেড-২, (বিপণন) ডিডিপি, (সংযুক্ত: প্রশাসন বিভাগ, প্রধান কার্যালয়)।
৯. ব্যক্তিগত নথি/অফিস কপি/মাস্টার কপি।



ব্যবস্থাপনা পরিচালক (অ. দা.)

মিল্ক ইউনিয়ন।